[মনে কর $\pi - x = \theta$, তাহলে $x \to \pi$ হলে, $\theta \to 0$ হবে ।

$\therefore \operatorname{Lt}_{x \to \pi} \frac{\sin x}{\pi - x} = \operatorname{Lt}_{\theta \to 0} \frac{\sin(\pi - \theta)}{\theta} = \operatorname{Lt}_{\theta \to 0} \frac{\sin \theta}{\theta} = 1.$]

36. যদি $y = \frac{2}{x} - 2$ হয়, তাহলে $\frac{dy}{dx}$-এর মান হবে

(i) 0

(ii) 2

(iii) $\frac{2}{x^2}$

(iv) $-\frac{2}{x^2}$

37. $\int (x+7)^8\, dx$-এর মান

(i) $(x+7)^9 + c$

(ii) $\frac{(x+7)^9}{9} + c$

(iii) $8(x+7)^7 + c$

38. নিচের কোন্ অপেক্ষকটি $y = -\frac{d^2y}{dx^2}$ অবকল সমীকরণটিকে সিদ্ধ করে না ?

(i) Sin x

(ii) Cos x

(iii) $-$Sin x

(iv) Sin 2x

39. Cos x-এর সাপেক্ষে Sin x-এর অবকল

(i) tan x

(ii) − tan x

(iii) − Cot x

(iv) Cot x

40. ধারের দৈর্ঘ্য যথাক্রমে 3, 4 এবং 5 সে.মি. এমন তিনটি ধাতু নির্মিত ঘনককে গলিয়ে একটিমাত্র ঘনক তৈরি করা হল। নতুন ঘনকটির একটি ধারের দৈর্ঘ্য

(i) 5·5 সে.মি.

(ii) 6 সে.মি.

(iii) 6·5 সে.মি.

(iv) 7·25 সে.মি.

41. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

কোন বস্তুর উপর যুগপৎ দুটি বেগ ক্রিয়া করে। ওই বেগ দুটির অন্তর্ভুক্ত কোণ বর্ধিত হলে বেগ দুটির লব্ধি বেগের মান বর্ধিত হবে।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

42. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

দুটি বিন্দুর আপেক্ষিক গতিবেগ ক্ষুদ্রতম, যখন বিন্দু দুটির বেগের অভিমুখ বিপরীত

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

43. $32\sqrt{2}$ ফুট/সেকেণ্ড গতিবিশিষ্ট কোনো প্রাসের চরম অনুভূমিক দূরত্ব অতিক্রম করতে সময় লাগে

(i) $2\sqrt{2}$ সেকেণ্ড

(ii) 2 সেকেণ্ড

(iii) $\sqrt{2}$ সেকেণ্ড

(iv) 4 সেকেণ্ড

44. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

1, 2, 3 পাউণ্ড-ভার বল একবিন্দুতে ক্রিয়া করে। যে-কোনো দুটি বলের অন্তর্ভুক্ত কোণ 120 ডিগরি হলে বলগুলির লব্ধি $\sqrt{3}$ পাউণ্ড-ভার।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

45. তিনটি সদৃশ সমান্তরাল বল P, Q, R একটি ত্রিভুজের কৌণিক বিন্দু তিনটিতে ক্রিয়া করে। যদি বল তিনটির লব্ধির ক্রিয়ারেখা ত্রিভুজের ভর-কেন্দ্র দিয়ে যায়, তাহলে

(i) $\frac{P}{a}=\frac{Q}{b}=\frac{R}{c}$


(ii) $\frac{P}{\sin A}=\frac{Q}{\sin B}=\frac{R}{\sin C}$

(iii) $P=Q=R$

প্রশ্নমালা—7

[সময় : 45 মিনিট। অভিমত : খুব ভাল, মন্দ নয়। সঠিক উত্তরের পাশে '√' দাও বা প্রশ্ন অনুসারে শুদ্ধ উত্তর লেখ।]

1.



ভেন-চিত্রটি থেকে আচ্ছাদিত অংশটি

(i) $A-B$

(ii) $B-A$

(iii) $(A-B)'$

(iv) $(B-A)'$

2. $a_1x+b_1y+c_1z=0$

$a_2x+b_2y+c_2z=0$

$a_3x+b_3y+c_3z=0$

সমীকরণ তিনটি থেকে x, y, z অপনয়ন করলে পাওয়া যাবে

(i) $a_1(b_2c_3-b_3c_2)+b_1(a_2c_3-a_3c_2)+c_1(a_2b_3-a_3b_2)=0$

(ii) $a_1(b_2c_3-b_3c_2)-b_1(a_2c_3-a_3c_2)+c_1(a_2b_3-a_3b_2)=0$

(iii) $a_1(b_2c_3-b_3c_2)+b_1(a_3c_2-a_2c_3)+c_1(a_3b_2-a_2b_3)=0.$

3. যদি $x=\sqrt{1+\sqrt{1+\sqrt{1+\ldots\ldots}}}$ হয়, তাহলে x-এর মান

(i) $0<x<1$

(ii) $x=1$

(iii) $1<x<2$

(iv) $x>2$

4. $\left(x^{2^{n-1}} + y^{2^{n-1}}\right)$ কে $\left(x^{2^{n-1}} - y^{2^{n-1}}\right)$ দিয়ে গুণ করলে পাওয়া যায়

(i) $x^{2^{2n-2}} - y^{2^{2n-2}}$

(ii) $x^{2^{n}} - y^{2^{n}}$

(iii) $x^{3^{n-1}} - y^{3^{n-1}}$

5. মানের দিক দিয়ে $\sqrt{2}$, $\sqrt[3]{5}$ এবং $\sqrt[6]{7}$-এদের মধ্যে সবচেয়ে বড়

(i) $\sqrt{2}$

(ii) $\sqrt[3]{5}$

(iii) $\sqrt[6]{7}$

6. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

যদি $2A \propto B$ হয়, তাহলে $B \propto A$

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

7. $y \propto x$ হলে শূন্যস্থান পূরণ কর :

x	6	3	1	−3	
y	2	1	$\frac{1}{3}$		−5

8. যদি $\frac{a^n+b^n}{a^{n-1}+b^{n-1}}$ a এবং b-এর সমান্তরীয় মধ্যক হয়, তাহলে n-এর মান

(i) -1

(ii) 0

(iii) 1

(iv) এদের কোনোটিই নয়

9. কোনো গুণোত্তর প্রগতির n-তম পদ $4^{n-\frac{1}{2}}$ হলে, তৃতীয় পদটি হবে

(i) 16

(ii) 32

(iii) 64

10. কোন্ সম্পর্কটি সত্য ?

z_1 এবং z_2 দুটি জটিল রাশি হলে

(i) $|z_1|.|z_2| = |z_1 z_2|$

(ii) $|z_1|.|z_2| > |z_1 z_2|$

(iii) $|z_1|.|z_2| < |z_1 z_2|$

(iv) $|z_1|.|z_2| \geqslant |z_1 z_2|$

11. $x+\frac{2}{x}=3x^2$ সমীকরণটির একটি বীজ $x=1$; তাহলে এই সমীকরণটিতে

(i) আরও একটি বীজ আছে

(ii) আর কোনো বীজ নেই

(iii) আরও দুটি বীজ আছে

12. $ax^2+bx+c=0$ এবং $a'x^2+b'x+c'=0$ সমীকরণ দুটির একটি বীজ সাধারণ হলে $(ab'-a'b)(bc'-b'c)$ সমান

(i) $(ca'-c'a)^2$

(ii) $(ca'+c'a)^2$

(iii) $(ca')^2-(c'a)^2$

13. একটি দশভুজের কর্ণের সংখ্যা

(i) 10

(ii) 35

(iii) 45

14. $(2a+b)^n$ বিস্তৃতিতে পদ সমষ্টি [n যখন ধনাত্মক পূর্ণসংখ্যা]

(i) 3^n

(ii) 2^n

(iii) 3^{n-1}

15. $\frac{1}{2}\log_3 M + 3\log_3 N = 1$ থেকে M-এর মান N-এর আকারে প্রকাশ করলে পাওয়া যাবে

(i) $M = \frac{9}{N^6}$

(ii) $M = \frac{3}{N^3}$

(iii) $M = \frac{N^6}{9}$

(iv) $M = \frac{N^3}{3}$

16. যদি মূলধন P, বৎসর-সংখ্যা n এবং সমূল চক্রবৃদ্ধি যখন $A = P(1+i)^n$, তখন i সমান

(i) 100 টাকার 1 বছরের সুদ

(ii) 100 টাকার 1 দিনের সুদ

(iii) 1 টাকার 1 দিনের সুদ

(iv) 1 টাকার 1 বছরের সুদ

17. 1 সমকোণ যত ষষ্টিক মিনিট, তা হল

(i) 3600

(ii) 5400

(iii) 8100

18. $\frac{\pi}{3}, \frac{\pi}{4}, \frac{\pi}{6}$-এর কো-ট্যানজেন্টের মান যে প্রগতিতে আছে, তা হল

(i) সমান্তর প্রগতি

(ii) গুণোত্তর প্রগতি

(iii) বিপরীত প্রগতি

(iv) কোনো প্রগতিতে নেই

19. যদি $\text{Cosec}\,\theta + \text{Cot}\,\theta = p$ হয়, তাহলে $(\text{Cosec}\,\theta - \text{Cot}\,\theta)$-এর মান হবে

(i) $-p$

(ii) $\frac{1}{p}$

(iii) $-\frac{1}{p}$

(iv) এদের কোনোটিই নয়

20. $(12\,\text{Sin}\theta - 9\,\text{Sin}^2\theta)$-রাশিমালাটির সর্বাধিক মান

(i) 1

(ii) 2

(iii) 4

(iv) এদের কোনোটিই নয়

[ইঙ্গিত : $12\,\text{Sin}\theta - 9\text{Sin}^2\theta = 4 - 4 + 12\text{Sin}\theta - 9\text{Sin}^2\theta$
$= 4 - (2 - \text{Sin}\theta)^2 \leqslant 4$]

21. যদি $\cos 35° = k$ এবং $\cos x = 2k^2 - 1$ হয়, তাহলে $0°$ ও $360°$-এর মধ্যে x-এর বিভিন্ন মান হবে

(i) $140°$

(ii) $70°$ ও $110°$

(iii) $70°$ ও $290°$

(iv) $70°$ ও $250°$

22. $\tan^{-1} \sqrt{x}$-এর মান

(i) $\frac{1}{2} \cos^{-1} \frac{1-x}{1+x}$

(ii) $\cos^{-1} \frac{1-x}{1+x}$

(iii) $\cos^{-1} \frac{1+x}{1-x}$

23. ABC একটি ত্রিভুজে $\angle C = 90°$, তাহলে R-এর মান

(i) $\frac{a}{2}$

(ii) $\frac{b}{2}$

(iii) $\frac{c}{2}$

[ইঙ্গিত : $\Delta = \frac{1}{2} ab \sin C = \frac{1}{2} ab.\ \sin 90° = \frac{1}{2} ab.$

আবার $R = \frac{abc}{4\Delta} = \frac{abc}{4.\frac{1}{2}ab} = \frac{c}{2}$]

24. উভয় অক্ষয় থেকে a দূরত্বে অবস্থিত এমন বিন্দুর স্থানাঙ্ক হবে

(i) $\left(\frac{a}{2}, \frac{a}{2}\right)$

(ii) (a, a)

(iii) $(2a, 2a)$

25. যে সরলরেখার অক্ষদ্বয়ের উপরে ছেদিতাংশ যথাক্রমে $\frac{1}{3}$ এবং $\frac{1}{4}$, তার সমীকরণ

(i) $3x+4y=1$

(ii) $3x+4y=12$

(iii) $4x+3y=1$

(iv) $4x+3y=12$

26. যদি $a_1x+b_1y+c_1=0$ এবং $a_2x+b_2y+c_2=0$ সরলরেখাদ্বয় সমান্তরাল হয়, তাহলে

(i) $a_1b_2-a_2b_1=0$

(ii) $a_1b_2+a_2b_1=0$

(iii) $a_1a_2+b_1b_2=0$

(iv) $a_1a_2-b_1b_2=0$

27. মূল বিন্দুগামী এবং $\sqrt{3}x+ey=\pi$ সরলরেখার সঙ্গে লম্বভাবে অবস্থিত সরলরেখার সমীকরণ হবে

(i) $\pi x-ey=0$

(ii) $ex = \sqrt{3}y$

(iii) $\sqrt{3}x=ey$

28. $x=1$ সরলরেখাটি $x^2+y^2=1$ বৃত্তটিকে যে বিন্দুতে স্পর্শ করে, তার স্থানাঙ্ক

(i) $(0, 1)$

(ii) $(-1, 0)$

(iii) $(0, -1)$

(iv) $(1, 0)$

29. $y^2=4ax$ অধিবৃত্তটি $2x^2+2y^2-4x+8y-1=0$ বৃত্তের কেন্দ্রগামী হলে অধিবৃত্তের নাভির স্থানাঙ্ক হবে

(i) $(1, 0)$

(ii) $(-1, 0)$

(iii) $(2, 0)$

(iv) $(-2, 0)$

30. (5 , 2) বিন্দুটি $2x^2+7y^2=14$ উপবৃত্তটির

(i) অন্তঃস্থ বিন্দু

(ii) বহিঃস্থ বিন্দু

(iii) উপরিস্থিত বিন্দু

31. একটি কনিকের উপরিস্থিতি একটি বিন্দু থেকে নিয়ামকের উপরে অঙ্কিত লম্বের দৈর্ঘ্য নাভি থেকে ওই বিন্দুর দূরত্বের অর্ধেক—এটি প্রদত্ত। নিম্নের উক্তিগুলির মধ্যে কোন্‌টি সত্য এবং কেন ?

(i) কনিকটি একটি অধিবৃত্ত

(ii) কনিকটি একটি উপবৃত্ত

(iii) কনিকটি একটি পরাবৃত্ত

(iv) এরকম কোনো কনিক থাকা সম্ভব নয়

[H. S. '79]

[**ইঙ্গিত ঃ** পরাবৃত্তের নাভি S এবং উপরিস্থিত একটি বিন্দু P হলে পরাবৃত্তের নিয়ামকের উপরে লম্ব PM ধরা যাক। তাহলে

$$e=\frac{SP}{PM}=\frac{SP}{\frac{1}{2}SP}=2>1$$

এবং $e>1$ হওয়ার জন্যে কনিকটি একটি পরাবৃত্ত হবে।]

32. যদি $|5-x|<-1$ হয়, তাহলে

(i) $x>6, \quad x<4$

(ii) $x<-6, x>4$

(iii) $x<-4, x>6$

(iv) এদের কোনোটিই নয়

33. যদি $f(x)=\frac{x}{1+x}$ হয়, তাহলে $\frac{f\left(\frac{a}{b}\right)}{f\left(\frac{b}{a}\right)}$-এর মান হবে

(i) $a-b)$

(ii) ab

(iii) $a+b$

(iv) $\frac{a}{b}$

34. x-এর সাপেক্ষে x^x-এর অবকল সহগ হবে

(i) $x^x (1+\log x)$

(ii) $x^{x-1}(1+\log x)$

(iii) x^x

(iv) $1+\log x$

35. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

যদি $y = 3x^2 - 19x$ হয়, তাহলে $x = 3$-তে y বর্ধিষ্ণু অপেক্ষক।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

36. $y = 4\text{Cos}5x$ হলে, $\frac{d^2y}{dx^2}$ সমান

(i) $-25y$

(ii) $25y$

(iii) $20y$

(iv) $-20y$

37. $\int \text{Sin}(3x+4)dx$-এর মান

(i) $\frac{\text{Sin}(3x+4)}{3}$

(ii) $\frac{\text{Cos}(3x+4)}{3}$

(iii) $-\frac{\text{Cos}(3x+4)}{3}$

38. $\int_0^1 \frac{dx}{\sqrt{1-x^2}}$-এর মান

(i) $-\frac{\pi}{2}$

(ii) 0

(iii) $\frac{\pi}{2}$

(iv) ∞

39. $y^2dx - x^2dy = 0$ অবকল সমীকরণকে সমাধান করলে পাওয়া যায়

(i) $\frac{1}{x^2} - \frac{1}{y^2} = c$

(ii) $\frac{x}{y} = c$

(iii) $\frac{1}{x} - \frac{1}{y} = \frac{1}{c}$

(iv) এদের কোনোটিই নয়

40. একটি লম্ব বৃত্তাকার চোঙ এবং একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমির ব্যাসার্ধ এবং উচ্চতা পরস্পর সমান। যদি চোঙ এবং শঙ্কুর বক্রতলের ক্ষেত্রফলের অনুপাত 8 : 5 হয়, তাহলে ভূমির ব্যাসার্ধ এবং উচ্চতার অনুপাত

(i) 3 : 2

(ii) 3 : 4

(iii) 1 : 1

(iv) 4 : 3

41. 50 সে. মি. / সেকেণ্ড বেগের লম্বভাবে অবস্থিত দুটি উপাংশের একটি সেকেণ্ডে 30 সে. মি.। অন্যটি হবে

(i) সেকেণ্ডে 40 সে. মি.

(ii) সেকেণ্ডে 45 সে. মি.

(iii) সেকেণ্ডে 35 সে. মি.

42. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

মাথায় একটি ভারি বাক্স নিয়ে একটি বাড়ির ছাদ থেকে কোনো চোর লাফ দিল ; যতক্ষণ সে বাতাসের মধ্য দিয়ে পড়তে থাকবে, ততক্ষণ সে মাথায় বাক্সটির ভার অনুভব করবে না।

[H. S. '78]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

[**ইঙ্গিত :** চোরটি মাথার উপরে বাক্সের ভার অনুভব করবে না। কারণ চোর এবং বাক্স উভয়ের ত্বরণই g। $\therefore$ $R = mg - mf = 0$]

43. একটি বলকে উল্লম্বভাবে ঊর্ধ্বমুখে উৎক্ষেপ করা হল। বলটি 50ফুট পর্যন্ত গিয়ে আবার যাত্রাস্থলে ফিরে এল। যে বিন্দু থেকে বলটি ছোঁড়া হয়েছিল, সেই বিন্দু সাপেক্ষে বলটির চূড়ান্ত সরণ

(i) 50 ফুট

(ii) 100 ফুট

(iii) 0 ফুট

44. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

কোনো বস্তুর একাধিক ভারকেন্দ্র থাকতে পারে।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

45. যদি একটি বিন্দুতে ক্রিয়াশীল তিনটি বলের মান, দিক ও ক্রিয়ারেখা কোনো ত্রিভুজের ক্রমানুসারে গৃহীত তিনটি বাহুর দ্বারা সূচিত করা যায়, তাহলে বল তিনটি

(i) সাম্যাবস্থায় থাকবে


(ii) যুগ্মবল গঠন করবে

(iii) লব্ধিবল গঠন করবে

প্রশ্নমালা—8

[সময় : 45 মিনিট। অভিমত : খুব ভাল, মন্দ নয়। সঠিক উত্তরের পাশে '$\surd$' চিহ্ন দাও বা প্রশ্ন অনুসারে শুদ্ধ উত্তর লেখ।]

1.



ভেন-চিত্রটি থেকে আচ্ছাদিত অংশটি

(i) $A' \cap B'$

(ii) $(A \cap B)'$

(iii) $(A \cap B') \cup (A \cap B)$

2. নিচে যে সংখ্যাটি অমূলদ সংখ্যা, সেটি হল

(i) $1{\cdot}111$

(ii) $-\sqrt{121}$

(iii) $\sqrt{1{\cdot}21}$

(iv) $\sqrt{\frac{1}{121}}$

(v) $\sqrt{{\cdot}121}$

3. যদি $\sqrt{2} : (1+\sqrt{3}) :: \sqrt{6} : x$ হয়, তাহলে x-এর মান

(i) $1+\sqrt{3}$

(ii) $\sqrt{3}-3$

(iii) $1+\sqrt{3}$

(iv) $\sqrt{3}+3$

4. 5, 8, 11....এই প্রগতির যে পদটি 320, সেটি হল

(i) 120-তম পদ

(ii) 104-তম পদ

(iii) 106-তম পদ

5. (i) $\sqrt{-a} \times \sqrt{-b} = -\sqrt{ab}$ $(a>0, b>0)$

(ii) $\sqrt{-a} \times \sqrt{-b} = \sqrt{ab}$ $(a>0, b>0)$

এই দুটি মানের মধ্যে

শুদ্ধ মানটি (i) শুদ্ধ মানটি (ii)

6. $(3+4i)^{-1}$-এর মান

(i) $\frac{3}{7}+\frac{4}{7}i$

(ii) $\frac{3}{7}-\frac{4}{7}i$

(iii) $3-4i$

(iv) $\frac{3}{25}-\frac{4}{25}i$

7. দেওয়া আছে, $a \propto c$ ও $b \propto c$। নিম্নলিখিত সম্পর্কগুলির মধ্যে কোন্‌টি ঠিক নয় বল :

(i) $a+b \propto c$

(ii) $a-b \propto c$

(iii) $\frac{a}{b} \propto c$

(iv) $\sqrt{ab} \propto c$

8. $3x^2+kx-(2k+3)=0$ সমীকরণের বীজদ্বয়ের গুণফল 5 হলে, k-এর মান হবে

(i) 9

(ii) −9

(iii) −6

9. যদি $\begin{vmatrix} b & c \\ d & e \end{vmatrix} = be-dc$ হয় এবং

$\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = a_1 \begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix} - b_1 \begin{vmatrix} a_2 & c_2 \\ a_3 & c_3 \end{vmatrix} + c_1 \begin{vmatrix} a_2 & b_2 \\ a_3 & b_3 \end{vmatrix}$ হয়,

তাহলে $\begin{vmatrix} 2 & 3 & 4 \\ 3 & 1 & 0 \\ 0 & 2 & -1 \end{vmatrix}$-এর মান

(i) 30

(ii) 31

(iii) 42

(iv) 45

10. $(a-x)^n$ বিস্তৃতিতে সাধারণ পদটি

(i) $(-1)^r n_{c_r} a^{n-r} x^r$

(ii) $(-1)^r n_{c_r} a^r x^{n-r}$

(iii) $(-1)^r n_{c_r} a^r x^r$

11. $x^{\log y-\log z} \cdot y^{\log z-\log x} \cdot z^{\log x-\log y}$ সমান

(i) 1

(ii) 0

(iii) xyz

(iv) এদের কোনোটিই নয়

12. log ·859 সমান

(i) $-2+$ একটি দশমিক অংশ

(ii) $-1+$ একটি দশমিক অংশ

(iii) $-4+$ একটি দশমিক অংশ

(iv) $-3+$ একটি দশমিক অংশ

13. যে চাপের দৈর্ঘ্য পরিধির $\frac{1}{9}$ অংশ, তার কেন্দ্রস্থ কোণের পরিমাণ

(i) 40°

(ii) 60°

(iii) 75°

14. যদি $0 \leqslant \theta \leqslant 90^\circ$ এবং $\sin 40^\circ 30' = \cos\theta$ হয়, তাহলে θ-এর মান

(i) $59^\circ 30'$

(ii) $29^\circ 30'$

(iii) $49^\circ 30'$

(iv) $39^\circ 30'$

15. যদি $\sin\theta + \cos\theta = 1$ হয়, তাহলে $\sin 2\theta$-এর মান

(i) 0

(ii) $\frac{1}{2}$

(iii) 1

(iv) 2

16. ABC একটি ত্রিভুজে যদি $A+B=C$ হয়, তাহলে

(i) $a^2+b^2=c^2$

(ii) $b^2+c^2=a^2$

(iii) $c^2+a^2=b^2$

(iv) এদের কোনোটিই নয়

[**ইঙ্গিত :** $A+B=C$ এবং $A+B+C=180^\circ$ বলে $C=90^\circ$ ।
$\therefore a^2+b^2=c^2$]

17. যদি $A+B+C=180^\circ$ হয়, তাহলে $\text{Sin}(A+B)\text{Sin}C - \text{Cos}(A+B)$ CosC-এর মান

(i) 1

(ii) −1

(iii) 0

18. যদি $\tan 2\theta = \tan\theta$ হয়, তাহলে θ-এর সাধারণ মান

(i) $n\pi$

(ii) $\frac{n\pi}{3}$

(iii) $\frac{n\pi}{2}$

(iv) এদের কোনোটিই নয়

19. $\text{Cos}^{-1}\left(-\frac{\sqrt{3}}{2}\right)$-এর মুখ্যমান

(i) $\frac{5\pi}{6}$

(ii) $\frac{\pi}{6}$

(iii) $-\frac{\pi}{6}$

(iv) $-\frac{5\pi}{6}$

20. ত্রিভুজের ক্ষেত্রফল সমান

(i) (যে কোনো দুটি বাহুর দৈর্ঘ্যের গুণফল) × অন্তর্ভুক্ত কোণের সাইন

(ii) $\frac{1}{2}$ (যে কোনো দুটি বাহুর দৈর্ঘ্যের গুণফল) × অন্তর্ভুক্ত কোণের সাইন

(iii) (যে কোনো দুটি বাহুর দৈর্ঘ্যের গুণফল) × অন্তর্ভুক্ত কোণের কো-সাইন

(iv) $\frac{1}{2}$ (যে কোনো দুটি বাহুর দৈর্ঘ্যের গুণফল) × অন্তর্ভুক্ত কোণের কো-সাইন

21. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুগুলির স্থানাঙ্ক (x, 0), (0, y) এবং মূলবিন্দু হলে ত্রিভুজের ভরকেন্দ্রের স্থানাঙ্ক $\left(\frac{x}{3}, \frac{y}{3}\right)$।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

22. মূল বিন্দু থেকে a-দূরত্বে অবস্থিত কোনো বিন্দুর সঞ্চারপথ হবে

(i) $x=a$

(ii) $y=a$

(iii) $x+y=a$

(iv) $x^2+y^2=a^2$

23. যে সরলরেখা x অক্ষের উপরে $\frac{1}{a}$ এবং y অক্ষের উপরে $\frac{1}{b}$ ছেদিতাংশ উৎপন্ন করে, তার সমীকরণ

(i) $ax+by=1$

(ii) $ax+by=ab$

(iii) $bx+ay=ab$

24. $ax+by+c=0$ x-অক্ষের সমান্তরাল হবার শর্ত

(i) $a=0, c\neq0$

(ii) $a=0, b\neq0$

(iii) $b=0, a\neq0$

(iv) $b=0, c\neq0$

25. যদি $x^2+y^2+c=0$ একটি বৃত্তকে নির্দেশ করে তাহলে c-এর মান হবে

(i) ধনাত্মক

(ii) ঋণাত্মক

(iii) ধনাত্মক বা ঋণাত্মক যে কোনো মান

26. যদি $(x-x_1)(x-x_2)+y^2=0$ একটি বৃত্তের সমীকরণ হয়, তাহলে বৃত্তটির ব্যাসার্ধ $(x_2>x_1)$

(i) $\frac{x_2-x_2}{\sqrt{2}}$

(ii) x_2-x_1

(iii) $\frac{x_2-x_1}{2}$

27. (1, 2) বিন্দুতে $y^2=4x$ অধিবৃত্তের স্পর্শকের সমীকরণ হবে

(i) $y=2(x+1)$

(ii) $y=(x+1)$

(iii) $2y=(x+1)$

(iv) এদের কোনোটিই নয়

28. $mx^2+9y^2=512$ উপবৃত্তটি m-এর যে মানের জন্যে $(\pm 4, 0)$ বিন্দুগামী, তা হল

(i) 16

(ii) 32

(iii) 24

(iv) এদের কোনোটিই নয়

29. $4x^2-9y^2=36$ পরাবৃত্তের (3, 0) বিন্দুতে অভিলম্বের সমীকরণ হবে

(i) $x=0$

(ii) $y=0$

(iii) $x=y$

30. যদি $f(x)=\log_e x$ হয়, তাহলে $f(xy)$-এর মান হবে

(i) $f(x)+f(y)$

(ii) $f(x)\,f(y)$

(iii) $f(x)-f(y)$

(iv) $\frac{f(x)}{f(y)}$

31. $-a-d \leqslant x \leqslant -a+d$-কে মডিউলাস চিহ্ন সহযোগে প্রকাশ করলে পাওয়া যাবে

(i) $|x-a| \leqslant d$

(ii) $|x+a| \leqslant d$

(iii) $|x-a| \geqslant d$

(iv) $|x+a| \geqslant d$

32. যদি $y = x\text{Sec}x$ হয়, তাহলে $x=0$-তে $\frac{dy}{dx}$-এর মান

(i) 0

(ii) 1

(iii) ∞

(iv) এদের কোনোটিই নয়

33. $x^3-9x^2-21x-6$ অপেক্ষকটি যে বিস্তারে ক্ষয়িষ্ণু তা হল

(i) $-1<x<7$

(ii) $-7<x<1$

(iii) $-7<x<-1$

34. $y=2\text{ Sin }3x$ হলে, $\frac{d^2y}{dx^2}$ সমান

(i) $9y$

(ii) $-9y$

(iii) $12y$

(iv) $-12y$

35. $\int \text{Sin}^2 bx dx$-এর মান

(i) $b\text{Cos}^2 bx$

(ii) $x-\frac{1}{4b}\text{ Sin}2bx$

(iii) $\frac{1}{2}x-\frac{1}{4b}\text{ Sin}2bx$

36. $\int \frac{2x+1}{x(x+1)}\,dx$-এর মান

(i) $\log x(x+1)+c$

(ii) $\log \frac{x}{x+1}+c$

(iii) $\log \frac{x^2}{x+1}+c$

37. $\int_1^3 \frac{dx}{x}$-এর মান

(i) $\log_e 3$

(ii) $\log_e \frac{1}{3}$

(iii) $\log_{10} 3$

38. $ydx+xdy=0$ অবকল সমীকরণকে সমাধান করলে পাওয়া যায়

(i) $\frac{1}{x^2}+\frac{1}{y^2}$

(ii) $xy=c$

(iii) $\frac{x}{y}=c$

39. যে গোলকটির ঘনফল 38808 ঘন সে.মি., তার ব্যাস হবে

(i) 42 সে.মি.

(ii) 45 সে.মি.

(iii) 50 সে.মি.

40. কোনো লম্ব বৃত্তাকার চোঙের উচ্চতা h, ভূমির ব্যাসার্ধ r হলে, চোঙটির সমগ্র তলের ক্ষেত্রফল (বর্গ এককে)

(i) $2\pi hr$

(ii) $2\pi r(h+r)$

(iii) $\pi r^2 h$

(iv) এদের কোনোটিই নয়

41. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

কোনো লিফ্‌ট্ নীচের দিকে নামবার সময়ে তার গতি কমে আসতে থাকলে, ওই লিফ্‌টের উপরে অবস্থিত কোনো বস্তুর প্রদত্ত চাপ বৃদ্ধি পায়।

[H. S. '83]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

[**ইঙ্গিত :** লিফ্‌ট্ যখন নিম্নাভিমুখী তখন $mg—R=mf$। গতি কমার সময়ে ত্বরণ f কমে অর্থাৎ $R=mg-mf$ বাড়ে। সুতরাং লিফ্‌টের বস্তুর চাপ বৃদ্ধি পায়।]

42. যদি কোনো বস্তুকে স্থির অবস্থায় h উচ্চতা থেকে নিম্নে ফেলা হয়, তাহলে ভূমি স্পর্শ করতে তার সময় লাগে

(i) $2\sqrt{\frac{h}{g}}$

(ii) $\sqrt{\frac{2h}{g}}$

(iii) $\frac{1}{2}\sqrt{\frac{h}{g}}$

43. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

সামান্তরিক পাতের ভারকেন্দ্র এবং সামান্তরিক পাতটির চারটি শীর্ষে চারটি সমান ভার স্থাপন করলে ভারকেন্দ্র একই থাকবে।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

44. একটি বিন্দুতে প্রযুক্ত তিনটি বল যদি সাম্যাবস্থায় থাকে, তাহলে উহাদের যে কোনো দুটির অন্তর্গত কোণ হবে

(i) 60°

(ii) 45°

(iii) 120°

45. যদি দুটি বলের বৃহত্তম ও ক্ষুদ্রতম লব্ধি 10 ও 8 কিলোগ্রাম ভার হয়, তবে বল দুটি কিলোগ্রাম ভারে হবে

(i) 15 ও 3

(ii) 12 ও 6

(iii) 9 ও 1

প্রশ্নমালা—9

[সময় : 45 মিনিট। অভিমত : খুব ভাল, মন্দ নয়। সঠিক উত্তরের পাশে '✓' চিহ্ন দাও বা প্রশ্ন অনুসারে শুদ্ধ উত্তর লেখ।]

1. যদি x এবং y দুটি ধনাত্মক বাস্তব সংখ্যা এবং $x>y$ হয়, তাহলে

(i) $-x > -y$

(ii) $-x < -y$

(iii) $\frac{1}{x} > \frac{1}{y}$

(iv) $-\frac{1}{x} > -\frac{1}{y}$

2. যদি n একটি ধনাত্মক পূর্ণসংখ্যা হয়, তাহলে $3^{2n+1}+2^{2n+1}$-এর এককের ঘরের অঙ্কটি হবে

(i) 2

(ii) 3

(iii) 5

(iv) 0

(v) 0 বা 5

[ইঙ্গিত : n ধনাত্মক পূর্ণসংখ্যা, অর্থাৎ $2n+1$ $(=k)$ অযুগ্ম। তাহলে a^k+b^k $(a+b)$ দ্বারা বিভাজ্য। অর্থাৎ $3^{2n+1}+2^{2n+1}$ 5 দ্বারা বিভাজ্য। তাহলে $3^{2n+1}+2^{2n+1}$-এর এককের ঘরের অঙ্কটি হয় 5 বা 0। কিন্তু অযুগ্ম সংখ্যার যে কোনো ঘাত অযুগ্ম এবং যুগ্ম সংখ্যার যে কোনো ঘাত যুগ্ম বলে নির্দিষ্ট সংখ্যাটি অযুগ্ম অর্থাৎ 5।]

3. যদি $\frac{a}{c}=\frac{a-b}{b-c}$ হয়, তাহলে a, b, c তিনটি রাশি

(i) সমান্তর প্রগতিতে অবস্থিত

(ii) বিপরীত প্রগতিতে অবস্থিত

(iii) গুণোত্তর প্রগতিতে অবস্থিত

4. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

বৃত্তের পরিধি ব্যাসার্ধের সঙ্গে সরলভেদে থাকে

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

5. $i^4+i^3+i^2+i$-এর মান

(i) i

(ii) 1

(iii) -1

(iv) 0

6. যদি $x=\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\cdots\cdots\cdots\infty}}}}$ হয়, তাহলে x-এর মান হবে

(i) 1

(ii) 2

(iii) 3

(iv) এদের কোনোটিই নয়

7. $ax^2+bx+c=0$ সমীকরণের বীজদ্বয় α, β হলে, $ax^2+bkx+ck^2=0$ $(k\neq0)$ সমীকরণের বীজদ্বয় হবে

(i) $k\alpha, \beta$

(ii) $\alpha, k\beta$

(iii) $k\alpha, k\beta$

8. যদি ${}^nC_4={}^nC_2$ হয়, তাহলে ${}^nC_3$-এর মান হবে

(i) 20

(ii) 24

(iii) 18

9. 5 জন ব্যক্তি যত রকমভাবে একটি গোলটেবিলে বসতে পারে তা হল

(i) 24

(ii) 120

(iii) 60

[ইঙ্গিত ঃ এখানে টেবিলের পরিপ্রেক্ষিতে 5 জনকে বসানো যেতে পারে বলে বিন্যাসের সংখ্যা 5টি বিভিন্ন বস্তুর সবগুলি একযোগে নিয়ে রৈখিক বিন্যাসের সংখ্যার সঙ্গে সমান।]

10. $(1+x)^n$ বিস্তৃতিতে (n অখণ্ড ধনরাশি) r-তম এবং (r + 2)-তম পদের সহগ সমান হলে, n একটি

(i) অযুগ্ম সংখ্যা

(ii) যুগ্ম সংখ্যা

(iii) যুগ্ম বা অযুগ্ম যে কোনো সংখ্যা হতে পারে

11. $(1+2x+3x^2+4x^3+\cdots)^{\frac{1}{2}}$ বিস্তৃতিতে x^n-এর সহগ

(i) -1

(ii) 1

(iii) $(-1)^n$

(iv) এদের কোনোটিই নয়

12. x-এর যে মানের জন্যে $x = \frac{M}{N}$ সম্পর্কটি সিদ্ধ, যখন $\log M = 4$ এবং $\log N = 2$, তা হল

(i) 100

(ii) 10

(iii) 1000

13. $\log_e 2$-এর মান

(i) $1 - \frac{1}{2} - \frac{1}{3} - \frac{1}{4} - \cdots\cdots \infty$

(ii) $\frac{1}{1\cdot 2} + \frac{1}{2\cdot 3} + \frac{1}{3\cdot 4} + \cdots \infty$

(iii) $\frac{1}{1\cdot 2} + \frac{1}{3\cdot 4} + \frac{1}{5\cdot 6} + \cdots \infty$

(iv) $1 + \frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{4} + \frac{1}{5} + \cdots\cdots \infty$

14. 1 রেডিয়ান সমান

(i) 60° (প্রায়)

(ii) 57° (প্রায়)


(iii) 120° (প্রায়)

15. θ চতুর্থ পাদে অবস্থিত এবং $\tan\theta = -\frac{1}{2}$ । সুতরাং $\cos\theta$-এর মান

(i) $\frac{1}{\sqrt{5}}$

(ii) $\frac{2}{\sqrt{5}}$

(iii) $\frac{3}{\sqrt{5}}$



16. যদি $\cos\theta = \frac{24}{25}$ হয়, তাহলে $(\sin^2\theta + \cos^2\theta)$-এর মান হবে


(i) $1 - \left(\frac{24}{25}\right)^2$

(ii) $1 + \left(\frac{24}{25}\right)^2$

(iii) $2 - \left(\frac{24}{25}\right)^2$

(iv) 1

17. রেখাঙ্কনটিতে CosA-এর মান



(i) $\frac{SP}{PR}$

(ii) $\frac{SR}{PR}$

(iii) $\frac{OP}{PR}$

18. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

$\sqrt{\frac{1-\sin x}{1+\sin x}} = \sec x - \tan x$ সম্পর্ক টি একটি অভেদ।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

19. $\cos x - \cos y$ সমান

(i) $2 \sin\frac{x+y}{2} \sin \frac{x-y}{2}$

(ii) $-2 \sin \frac{x+y}{2} \sin \frac{x-y}{2}$

(iii) $2 \sin\frac{x+y}{2} \cos \frac{y-x}{2}$

(iv) $2 \sin\frac{x-y}{2} \cos \frac{y-x}{2}$

20. $\sin \cos^{-1}\frac{1}{2}$ সমান

(i) $\frac{2}{\surd 3}$

(ii) $\frac{1}{2}\surd 3$

(iii) $\frac{1}{\surd 3}$

21. কোনো ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য 4, 6 এবং অন্তভূ‍র্ত কোণ 60° হলে ত্রিভুজটির ক্ষেত্রফল

(i) $3\surd 2$

(ii) $6\surd 3$

(iii) $4\surd 2$

22. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

$(3-\surd 2, 1-\surd 2)$ চতুর্থ পাদে অবস্থিত।

(i) বিবৃতিটি শুদ্ধ

(ii) বিবৃতিটি ভুল

23. যে বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (0, 4), তার মেরু স্থানাঙ্ক

(i) $(0, 4^\circ)$

(ii) $(4, 0^\circ)$

(iii) $(4, 90^\circ)$

(iv) $(0, 90^\circ)$

24. যদি y-অক্ষের উপরে অবস্থিত কোন বিন্দুর x-অক্ষ থেকে দূরত্ব 4 হয়, তাহলে বিন্দুটির স্থানাঙ্ক

(i) (4, 0)

(ii) (0, 4)

(iii) (4, 4)

25. $(-a, -b)$, $(0, 0)$, (a, b), (a^2, ab) বিন্দুগুলি (i) সমরেখ (ii) সামান্তরিকের শীর্ষবিন্দু (iii) আয়তক্ষেত্রের শীর্ষবিন্দু (iv) কোনোটিই নয়।

কোন্‌টি সত্য ? [I. I. T. '79]

উত্তর (i), (ii), (iii), (iv)

26. $4x+3y=12$ সরলরেখাটি অক্ষদ্বয়ের উপরে যে ছেদতাংশ উৎপন্ন করে, তা হল

(i) 4 এবং 3

(ii) 3 এবং 4

(iii) $\frac{1}{3}$ এবং $\frac{1}{4}$

(iv) $\frac{1}{4}$ এবং $\frac{1}{3}$

27. যে সরলরেখা $3x+2y-5=0$ সরলরেখার সমান্তরাল, তার নতি

(i) $-\frac{3}{2}$

(ii) $\frac{3}{2}$

(iii) $-\frac{2}{3}$

(iv) $\frac{2}{3}$

28. মূলবিন্দু থেকে $\frac{x}{\sqrt{a}}+\frac{y}{\sqrt{b}}=1$ সরলরেখার উপরে অঙ্কিত লম্বের দৈর্ঘ্য

(i) $\frac{\sqrt{a}}{\sqrt{a+b}}$

(ii) $\frac{\sqrt{b}}{\sqrt{a+b}}$

(iii) $\frac{\sqrt{ab}}{\sqrt{a+b}}$

(iv) $\frac{\sqrt{ab}}{\frac{1}{\sqrt{a}}+\frac{1}{\sqrt{b}}}$

29. যে বৃত্তের কেন্দ্র, (g, f) এবং ব্যাসার্ধ $\sqrt{g^2+f^2-c}$, তার সমীকরণ হবে

(i) $x^2+y^2+2gx+2fy+c=0$

(ii) $x^2+y^2-2gx-2fy+c=0$

(iii) $x^2+y^2+2g^2x+2f^2y-c=0$

30. যে অধিবৃত্তের নাভির স্থানাঙ্ক $(3, 0)$ এবং নিয়ামকের সমীকরণ $x+3=0$, সেই অধিবৃত্তের সমীকরণ

(i) $y^2=12x$

(ii) $y^2=6x$

(iii) $y^2=9x$

31. একটি কনিকের উপরিস্থিত একটি বিন্দু থেকে নিয়ামকের উপরে অঙ্কিত লম্বের দৈর্ঘ্য, নাভি থেকে ওই বিন্দুর দূরত্বের অর্ধেক—প্রদত্ত উক্তিগুলির মধ্যে কোন্‌টি সত্য ?

(i) কনিকটি একটি অধিবৃত্ত

(ii) কনিকটি একটি উপবৃত্ত

(iii) কনিকটি একটি পরাবৃত্ত

(iv) এরূপ কনিক থাকা সম্ভব নয় [H. S.]

[ইঙ্গিত : উৎকেন্দ্রতা $e=2>1$.]

32. যদি $f(t)=\frac{1-t}{1+t}$ হয়, তাহলে $f(t^{-1})$-এর মান

(i) $f(t)$

(ii) $f(-t)$

(iii) $-f(t)$

(iv) $\pm f(t)$

33. $\lim_{x\to 0} \frac{\sin \frac{1}{m} x}{x}$ -এর মান

(i) m

(ii) 1

(iii) $\frac{1}{m}$

(iv) এদের কোনোটিই নয়

34. যদি $y = \sin x^\circ$ হয়, তাহলে $\frac{dy}{dx}$ সমান

(i) $\cos x^\circ$

(ii) $\frac{1}{\pi} \cos x^\circ$


(iii) $\frac{1}{180} \cos x^\circ$

(iv) $\frac{\pi}{180} \cos x^\circ$

35. স্তম্ভ 2 থেকে অবকল সহগের সংখ্যাটি স্তম্ভ 1-এর সঠিক অপেক্ষকটির পাশে বসাও :

(i) $Sin^{-1}x$……	(A) $-\frac{1}{1+x^2}$
(ii) $tan^{-1}x$……	(B) $-\frac{1}{\sqrt{1-x^2}}$
(iii) $Cosec^{-1}x$……	(C) $\frac{1}{x\sqrt{x^2-1}}$
(iv) $Cos^{-1}x$……	(D) $\frac{1}{\sqrt{1-x^2}}$
(v) $Cot^{-1}x$……	(E) $-\frac{1}{x\sqrt{x^2-1}}$
(vi) $Sec^{-1}x$……	(F) $\frac{1}{1+x^2}$

36. রেখচিত্রটি যে সমীকরণের তা হল



(i) $r=aCos2\theta$

(ii) $r^2=a^2Cos2\theta$

(iii) $r=aCos3\theta$

37. $\int \frac{x^2+2x+1}{x+1} dx$-এর মান

(i) $(x+1)+c$

(ii) x^2+x+c

(iii) $\frac{x^2+2x}{2}+c$

38. যে কোনো বক্ররেখা $x=f(y)$, y-অক্ষ এবং $y=c$ ও $y=d$ $(c<d)$ ভুজ দুটি দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল হবে

(i) $\int_c^d x\,dy$

(ii) $\int_c^d y\,dx$

(iii) এদের কোনোটিই নয়

39. $\int_{-1}^{1} \frac{1}{1+x^2} dx$-এর মান

(i) $\frac{\pi}{4}$

(ii) $\frac{\pi}{2}$

(iii) 0

(iv) এদের কোনোটিই নয়

40. কোনো লম্ব বৃত্তাকার চোঙের ব্যাস 6 সে.মি. এবং এটির বক্রতলের ক্ষেত্রফল 264 বর্গ সে.মি.। তাহলে চোঙটির উচ্চতা

(i) 14 সে.মি.

(ii) 15 সে.মি.

(iii) 16 সে.মি.

41. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

একটি রেলগাড়ির বেগ সেকেণ্ডে 20 মিটার, অন্য একটি গাড়ির বেগ সেকেণ্ডে 15 মিটার। যদি উভয় বিপরীত অভিমুখে চলতে থাকে, তাহলে আপেক্ষিক বেগ হবে 35 মিটার।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

42. বিবৃতিটি শুদ্ধ অথবা ভুল বল ঃ

প্রবহমান নদী সবচেয়ে কম সময়ে অতিক্রম করতে হলে একজন সাঁতারুকে স্রোতের দিকের সঙ্গে লম্বভাবে সাঁতার কাটতে হবে।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

43. 64 ফুট/সেকেণ্ড গতিবিশিষ্ট কোনো প্রাসের চরম অনুভূমিক দূরত্ব হবে

(i) 128 ফুট

(ii) 64 ফুট

(iii) 32 ফুট

iv) $32\sqrt{2}$ ফুট

44. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল ঃ

একই বিন্দুতে ক্রিয়ারত তিনটি বল P, Q এবং R সাম্যাবস্থায় আছে; প্রত্যেকটি বলের পরিমাণ সমভাবে বর্ধিত করলেও তারা সাম্যাবস্থায় থাকবে।

[H. S. '78]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

[**ইঙ্গিত ঃ** একটি বিন্দুতে ক্রিয়ারত তিনটি বলকে সাম্যাবস্থায় থাকতে হলে লামির উপপাদ্যের বিপরীত প্রতিজ্ঞা সিদ্ধ হওয়া প্রয়োজন। P, Q, R সাম্যাবস্থায় আছে কিন্তু P, Q, R-এর প্রত্যেকটির পরিমাণ সমভাবে বর্ধিত করলে উপপাদ্যের বিপরীত প্রতিজ্ঞা আর সিদ্ধ হয় না।]

45. কোনো বিন্দুতে ক্রিয়ারত দুটি বল P এবং 2P-এর লব্ধি P-এর উপর লম্ব। বল দুটির অন্তর্গত কোণ

(i) 30°

(ii) 45°

(iii) 60°


(iv) 120°

প্রশ্নমালা—10

[সময় : 45 মিনিট। অভিমত : খুব ভাল, মন্দ নয়। সঠিক উত্তরের পাশে '√' চিহ্ন দাও বা প্রশ্ন অনুসারে শুদ্ধ উত্তর লেখ।]

1. { x, y, z } সেটের সাহায্যে যতগুলি উপসেট তৈরি করা সম্ভব, তা হল
   (i) 3
   (ii) 5
   (iii) 8
   (iv) 9
   [ইঙ্গিত : {x, y, z}, {x}, {y}, {z}, {x, y}, {y, z}, {z, x}, {0}]

2.



তীরচিহ্নিত অংশটি
   (i) A – (BUC)
   (ii) (A – B)U(A – C)
   (iii) (A – B)UC
   (iv) (A – C)UB

3. p এবং q যদি এমন দুটি বাস্তব সংখ্যা হয়, যাতে $p > q$, তাহলে

(i) $q > \frac{p+q}{2} > p$

(ii) $q < \frac{p+q}{2} > p$

(iii) $q > \frac{p+q}{2} < p$

(iv) $q < \frac{p+q}{2} < p$

4. $(a)^{2x} = 49$ হলে, $(a)^{-x}$-এর মান কত ?

5. 1 থেকে 16 পর্যন্ত স্বাভাবিক সংখ্যাগুলির যোগফল

(i) 126

(ii) 136

(iii) 256

6. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

যদি $A \propto C$ এবং $B \propto \frac{1}{C}$, তাহলে AB ধ্রুবক

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

7. 2i-এর বর্গমূল

(i) $\pm(1+i)$

(ii) $\pm(1-i)$

(iii) $\pm\frac{1}{\sqrt{2}}(1+i)$

(iv) $\pm\frac{1}{\sqrt{2}}(1-i)$

8. $x^2+x+1=0$ সমীকরণের বীজদ্বয়

(i) বাস্তব ও সমান

(ii) বাস্তব ও অসমান

(iii) জটিল ও অনুবন্ধী

9. a ঋণাত্মক হলে ax^2+bx+2-এর সর্বোচ্চ মান কি $\frac{8a-b^2}{4a}$?

উত্তর : (i) হ্যাঁ (ii) না

10. $\lfloor\underline{5}$, $\lfloor\underline{6}$ ও $\lfloor\underline{7}$ এর গ. সা. গু.

(i) $\lfloor\underline{5}$

(ii) $\lfloor\underline{7}$

(iii) 1

11. 3, 4 ও 5 অঙ্কগুলি দিয়ে 4 অঙ্কের বেশি নয়, এমন যত সংখ্যা গঠন করা সম্ভব, তার সংখ্যা হল

(i) 120

(ii) 60

(iii) 24

(iv) 32

[ইঙ্গিত : $3^1+3^2+3^3+3^4=120$]

12. n ভগ্নাংশ বা ঋণাত্মক হলে $(1+x)^n$-এর বিস্তৃতি সম্ভব যখন

(i) $x>1$

(ii) $x<-1$

(iii) $-1<x<1$

(iv) এদের কোনোটিই নয়

13. a, b, c তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা হলে log (1 + ac)-এর মান হবে

(i) 3 log b

(ii) 2 log b

(iii) 4 log b

14. π-এর মান

(i) 3·14195

(ii) 3·14159

(iii) 3·15149

15. θ চতুর্থ পাদে অবস্থিত এবং $\tan\theta = \frac{-1}{\sqrt{5}}$ হলে Cosθ-এর মান

(i) $\frac{1}{2}$

(ii) $\frac{\sqrt{2}}{\sqrt{3}}$

(iii) $\frac{\sqrt{5}}{\sqrt{6}}$

(iv) $\frac{1}{\sqrt{6}}$

16. $\tan\theta \cos\theta \operatorname{cosec}\theta$-এর মান

(i) $\tan^2\theta$

(ii) $\cos^2\theta$

(iii) $\operatorname{cosec}^2\theta$

(iv) 1

17. যদি $\sin A = \frac{1}{\sqrt{10}}$ এবং $\sin B = \frac{1}{\sqrt{5}}$ হয়, তাহলে A+B-এর মান

(i) 60°

(ii) 30°

(iii) 90°

(iv) 45°

18. বিবৃতিটি শুদ্ধ না ভুল :

$\tan 40° \tan 50° = 1$

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

19. $\frac{\sin\theta}{\cos(90° - \theta)} + \frac{\operatorname{cosec}\theta}{\sec(90° - \theta)} + \frac{\cot\theta}{\tan(90° - \theta)}$-এর মান

(i) 0

(ii) 1

(iii) 2

(iv) 3

20. $x = -\frac{\pi}{2}$ এবং $x = 0$-এর মধ্যে $\text{Sin } x - \text{Cos } x = 0$

সমীকরণটির

(i) একটিমাত্র সমাধান আছে

(ii) একাধিক সমাধান আছে

(iii) কোনো সমাধান নেই

[**ইঙ্গিত :** $\theta = n\pi + \frac{\pi}{4}$, যেখানে $n = 0$ বা $\pm$ অখণ্ড সংখ্যা]

21. যদি $\text{Cos}^{-1} \frac{1}{2} = A$ হয়, তাহলে tan A-এর মান

(i) $\frac{1}{3}$

(ii) $\sqrt{3}$

(iii) -1

(iv) 0

22. একটি ত্রিভুজে বাহুগুলির অনুপাত $1 : \sqrt{3} : 2$। কোণগুলির সম্ভাব্য মান

(i) 30°, 60°, 90°

(ii) 30°, 45°, 105°

(iii) 15°, 60°, 105°

[সূত্র : $2R \text{ Sin } A : 2R \text{ Sin } B : 2R \text{ Sin } C = 1 : \sqrt{3} : 2$]

23. $y = \text{Sec}x$ লেখের চিত্ররূপে যে রেখাদ্বয়ের মধ্যে লেখের কোনো অংশ নেই, তা হল

(i) $y = 1$ ও $y = -1$

(ii) $y = 0$ ও $y = 2$

(iii) $y = 0$ ও $y = -2$

24. নিম্নলিখিত বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

যে বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক (5, 0), তার মেরু স্থানাঙ্ক (5, 0°)

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

25. (x, 0) এবং (0, y) বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখাকে যে বিন্দুতে 2 : 1 অনুপাতে ভাগ করা চলে, সে বিন্দুর স্থানাঙ্ক

(i) $\left(\frac{x}{3}, \frac{y}{3}\right)$

(ii) $\left(\frac{2x}{3}, \frac{2y}{3}\right)$

(iii) $\left(\frac{x}{3}, \frac{2y}{3}\right)$

(iv) $\left(\frac{2x}{3}, \frac{y}{3}\right)$

26. (4, 3) এবং (−4, −3) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার m হবে

(i) 0

(ii) 1

(iii) $\frac{4}{3}$

(iv) $\frac{3}{4}$

27. মূলবিন্দুগামী এবং x-অক্ষের ধনাত্মক দিকের সঙ্গে 60° কোণ উৎপন্ন করে এমন সরলরেখার সমীকরণ হবে

(i) $x = \sqrt{3}y$

(ii) $y = \sqrt{3}x$

(iii) এদের কোনোটিই নয়

28. যদি $5x^2 - 30xy + \lambda y^2 - 6x - 8y + 4 = 0$ একটি বৃত্তের সমীকরণ হয়, তাহলে λ-এর মান

(i) 6

(ii) 5

(iii) 4

(iv) এদের কোনোটিই নয়

29. নাভির স্থানাঙ্ক (2, 2) এবং নিয়ামকের সমীকরণ $x=-2$ হলে, অধিবৃত্তের সমীকরণ

(i) $(y-2)^2= \ 8x$

(ii) $(y+2)^2=-8x$

(iii) $(y+2)^2= \ 8x$

(iv) $(y-2)^2=-8x$

30. $\frac{x^2}{25}-\frac{y^2}{9}=1$ উপবৃত্তে যে বিন্দু দিয়া স্পর্শক টানা যায়, তা হল

(i) (1, 2)

(ii) (0, 6)

(iii) (3, 2)

31. $\frac{x^2}{16}-\frac{y^2}{4}=1$ পরাবৃত্তে $(-5, \frac{3}{2})$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ

(i) $12x-10y+75=0$

(ii) $10x+12y+75=0$

(iii) $10x \ \ 12y-75=0$

32. $A=\{(3, 2), (4, 2), (5, 2)\}$ এবং
$B=\{(2, 3), (2, 4), (2, 5)\}$-এর মধ্যে

(i) A অপেক্ষক, B নয়

(ii) B অপেক্ষক, A নয়

(iii) A এবং B উভয়েই অপেক্ষক

(iv) A এবং B উভয়েই অপেক্ষক নয়

33. $\underset{x\to\infty}{\text{Lt}} \ \frac{2x^2+3x}{x^2+1}$-এর মান

(i) 5

(ii) 1

(iii) -1

(iv) 2

34. স্তম্ভ 2 থেকে অবকল সহগের সংখ্যাটি স্তম্ভ 1-এর সঠিক অপেক্ষকটির পাশে বসাও ঃ

(i) Sin x……	A. $-\text{Sin } x$
(ii) Cos x……	B. $-\text{Cosec } x \text{ Cot } x$
(iii) Sec x……	C. $-\text{Cosec}^2 x$
(iv) Cot x……	D. Cos x
(v) Cosec x……	E. $\text{Sec}^2 x$
(vi) tan x……	F. Sec x tan x

35. যদি $y=\sqrt{x+\sqrt{x+\sqrt{x+\cdots\cdots}}}$ হয়,

তাহলে $\frac{dy}{dx}$-এর মান হবে

(i) $\frac{1}{2y+1}$

(ii) $\frac{y}{2y-1}$

(iii) $\frac{1}{2y-1}$

(iv) $\frac{2}{2y+1}$

36. $\int x^5\,dx$-এর মান হবে

(i) x^6+c

(ii) $\frac{x^6}{6}+c$

(iii) $\frac{x^6}{5}+c$

(iv) $5x^4+c$

37. $\int \text{Sec}^2\, 7x\,dx$-এর মান

(i) $\tan 7x+c$

(ii) $\text{Sec } 7x \tan 7x+c$

(iii) $\frac{\tan 7x}{7}+c$

38. যখন f(t) একটি উপযুক্ত অপেক্ষক, তখন নিচে x-এর চারটি অপেক্ষকের কোনটিকে $\int_0^x f(t)dt$ আকারে প্রকাশ করা যাবে না ?

(i) Sin x

(ii) Cos x

(iii) x

(iv) x^2

39. ydx+xdy=0-কে সমাধান করলে পাওয়া যায়

(i) $xy = c$

(ii) $\frac{x}{y} = c$

(iii) $\frac{xy}{x+y} = c$

40. যদি কোনো লম্ব বৃত্তাকার শঙ্কুর উচ্চতা h এবং অর্ধ-শীর্ষকোণ ∝ হয়, তাহলে শঙ্কুর ঘনফল (ঘন এককে)

(i) $\frac{1}{3}\pi h^3 \tan^2\alpha$

(ii) $\frac{1}{3}\pi h^2 \tan^2\alpha$

(iii) $\frac{1}{3}\pi h^2 \tan\alpha$

(iv) $\frac{1}{3}\pi h \tan^2\alpha$

41. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

কোনো বল নিক্ষেপ প্রতিযোগিতায় সর্বাপেক্ষা ভাল ফল পেতে হলে প্রতিযোগীর উচিত সমতলের সঙ্গে 60 ডিগরি কোণে বলটি নিক্ষেপ করা ।

[H. S. '79]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

42. একটি বিন্দুর বিভিন্ন দিকে প্রতি সেকেণ্ডে যুগপৎ 7, 8 এবং 13 সেন্টিমিটার বেগ আছে ও বিন্দুটি স্থির অবস্থায় আছে। ক্ষুদ্রতর বেগ দুটির অন্তর্ভুক্ত কোণ

(i) 30°

(ii) 45°

(iii) 60°

43. প্রক্ষেপ-পথের যে কোনো বিন্দুতে বেগের মান নিয়ামক থেকে সেই বিন্দু পর্যন্ত বাধাহীন পতনজনিত

(i) বেগের সমান

(ii) বেগের চেয়ে কম

(iii) বেগের চেয়ে বেশি

44. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল ঃ

কোনো একটি বস্তুর ভারকেন্দ্র বস্তুটির অন্তর্গত কোনো একটি বিন্দু হতে বাধ্য। [H. S. '78]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

[**ইঙ্গিত ঃ** কোনো বস্তুর ভারকেন্দ্র থাকলে তা বস্তুর মধ্যস্থ একটি নির্দিষ্ট বিন্দু হতে বাধ্য।]

45. কোনো নির্দিষ্ট দিকে 5 পা. ভারবিশিষ্ট একটি বলের বিশ্লেষিতাংশ 4 পা. ভার। উল্লম্বদিকে উহার বিশ্লেষিতাংশ

(i) 3 পা. ভার


(ii) 4 পা. ভার

(iii) $2\sqrt{3}$ পা. ভার

প্রশ্নমালা—11

[সময় 45 মিনিট। অভিমত : খুব ভাল, মন্দ নয়। সঠিক উত্তরের পাশে '√' দাও বা প্রশ্ন অনুসারে শুদ্ধ উত্তর লেখ।]

1.



ভেন-চিত্রটি থেকে আচ্ছাদিত অংশটি

(i) $A-B$

(ii) $A-C$

(iii) $A-(C\cap B)$

(iv) $A-(B\cup C)$

2. যে কোনো পূর্ণসংখ্যার অঙ্কের যোগফলগুলি সংখ্যাটি থেকে বিয়োগ করলে সংখ্যাটি বিভাজ্য হবে

(i) 2 দ্বারা

(ii) 5 দ্বারা

(iii) 9 দ্বারা

(iv) 11 দ্বারা

3. যদি $a+\frac{1}{a}=\sqrt{2}$ হয়, তাহলে $a^2+\frac{1}{a^2}$-এর মান হবে

(i) 0

(ii) $\sqrt{2}$

(iii) $-\sqrt{2}$

4. যদি কোন সমান্তর প্রগতির n-তম পদের মান '0' হয়, তাহলে $t_1+t_3+t_5+t_7+\cdots$ n-তম পর্যন্ত পদের সমষ্টি হবে

(i) 1

(ii) 0

(iii) −1

5. x ও y দুটি চলরাশি। নিম্ন তালিকায় এদের পারস্পরিক মান দেওয়া আছে। এরা কি কোনো ভেদে আছে? যদি থাকে তো, ভেদটি কি?

x	3	8	12	18
y	24	9	6	

উত্তর ঃ

6. 1-এর চারটি ঘাতের যোগফল

(i) 4

(ii) 1

(iii) 0

(iv) −1

7. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল ঃ

$ax^2+bx+c=0$ এবং $a'x^2+b'x+c'=0$

দ্বিঘাত সমীকরণ দুটির উভয় বীজ সাধারণ হবার শর্ত

$$\frac{a}{a'}=\frac{b}{b'}=\frac{c}{c'}$$

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

8. যে সমীকরণের বীজদ্বয় $3x^2+x+1=0$ থেকে 2 বেশি, সে সমীকরণটি হল

(i) $3(x+2)^2+(x+2)+1=0$

(ii) $3(x-2)^2+(x-2)+1=0$

(iii) $3x^2+(x-2)+1=0$

(iv) এদের কোনোটিই নয়

9. $4C_1+4C_2+4C_3+4C_4$-এর যোগফল

(i) 2^4

(ii) 2^4-1

(iii) 2^4+1

10. যখন নিধান $2\sqrt{3}$, তখন log 144-এর মান

(i) 4

(ii) 8

(iii) 12

11. যদি $\log\frac{p}{q}+\log\frac{q}{p}=\log(p+q)$ হয়, $(p>0,\ q>0)$, তাহলে

(i) $pq=1$

(ii) $p+q=0$

(iii) $p+q=1$

12. যদি $y=x-x^2+x^3-x^4+\cdots\cdots\infty$ হয়, তাহলে $-1<x<1$ হলে

(i) $1-x=\frac{1}{1-y}$

(ii) $1+x=\frac{1}{1-y}$

(iii) $1-x=\frac{1}{1+y}$

(iv) এদের কোনোটিই নয়

13. $40^\circ 24' 36''$ সমান

(i) $40{\cdot}31^\circ$

(ii) $40{\cdot}21^\circ$

(iii) $40{\cdot}41^\circ$

14. ধনাত্মক অথবা ঋণাত্মক চিহ্ন দ্বারা শূন্যস্থান পূর্ণ কর ঃ

(i) তৃতীয় পাদে $\text{Sin}\theta$ —— চিহ্নবিশিষ্ট

(ii) চতুর্থ পাদে $\tan\theta$ —— চিহ্নবিশিষ্ট

(iii) দ্বিতীয় পাদে $\text{Cos}\theta$ —— চিহ্নবিশিষ্ট

(iv) প্রথম পাদে $\text{Cosec}\theta$ —— চিহ্নবিশিষ্ট

15. যদি কোনো স্থূলকোণের সাইন $\frac{p}{\sqrt{1+p^2}}$ হয়, তাহলে তার ট্যান-জেণ্টের মান

(i) p

(ii) $-p$

(iii) $\frac{1}{p}$

(iv) $-\frac{1}{p}$

16. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল ঃ

$\text{Sin } 3x = 4 \text{ Sin } x \text{ Sin } (60^\circ + x) \text{ Sin } (60^\circ - x)$ একটি অভেদ।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

17. যদি $A+B+C=\pi$ হয়, তাহলে

$\text{CotB CotC} + \text{CotC CotA} + \text{CotA CotB}$-এর মান হবে

(i) 0

(ii) 1

(iii) CotA CotB CotC

18. $\text{Cos } x + \sqrt{3} \text{ Sin } x = 1$ সমীকরণটি x-এর যে মানটি দ্বারা সিদ্ধ হবে, তা হল

(i) $x = 30^\circ$

(ii) $x = 60^\circ$

(iii) $x = 45^\circ$

(iv) $x = 120^\circ$

19. $\text{Cos}^{-1}\dfrac{1-x}{1+x}$-এর মান

(i) $2\tan^{-1}x$

(ii) $2\tan^{-1}\sqrt{x}$

(iii) $\tan^{-1}\sqrt{x}$

(iv) $\tan^{-1}(2\sqrt{x})$

[ইঙ্গিত : ধরা যাক $x=\tan^2\theta$। তাহলে

$$\text{Cos}^{-1}\frac{1-x}{1+x}=\text{Cos}^{-1}\frac{1-\tan^2\theta}{1+\tan^2\theta}=\text{Cos}^{-1}(\text{Cos }2\theta)=2\theta$$
$$=2\tan^{-1}\sqrt{x}$$]

20. যদি কোনো ত্রিভুজে $a=3$, $b=5$ ও $c=7$ হয়, তাহলে ত্রিভুজটির পরিব্যাসার্ধ

(i) $\dfrac{7\sqrt{3}}{3}$

(ii) $\dfrac{7\sqrt{2}}{3}$

(iii) $\dfrac{7\sqrt{3}}{3}$

[ইঙ্গিত : $\text{Cos } C=\dfrac{a^2+b^2-c^2}{2ab}=\dfrac{3^2+5^2-7^2}{2\cdot3\cdot5}=-\dfrac{1}{2}=\text{Cos }120^\circ$

$\therefore C=120^\circ$]

21. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

$(-4, 0)$ বিন্দুটি ঋণাত্মক y-অক্ষের উপরে অবস্থিত।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

22. x-অক্ষ থেকে 'a' দূরবর্তী বিন্দুর সঞ্চারপথ

(i) $x=a$

(ii) $y=a$

(iii) $x+y=a$

(iv) $x-y=a$

23. কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুগুলির স্থানাঙ্ক (0, 0), (a, 0) এবং (0, −a) হলে ত্রিভুজটির ক্ষেত্রফল হবে

(i) a^2
(ii) $2a^2$
(iii) $\frac{1}{2}a^2$
(iv) $2a$

24. যে শর্তে $ax+by+c=0$ সরলরেখার সমীকরণকে $y=mx+c$ আকারে প্রকাশ করা যায়, তা হল

(i) $a\neq0$
(ii) $b\neq0$
(iii) $c\neq0$


25. যদি $a_1x+b_1y+c_1=0$ এবং $a_2x+b_2y+c_2=0$ লম্বভাবে অবস্থিত হয়, তাহলে

(i) $a_1a_2+b_1b_2=0$
(ii) $a_1b_2+b_1a_2=0$
(iii) $a_1a_2-b_1b_2=0$
(iv) $a_1b_2-b_1a_2=0$

26. কোনো বৃত্তের ব্যাসের প্রান্তবিন্দুদ্বয়ের স্থানাঙ্ক যদি (0, 1) এবং (2, 1) হয়, তাহলে বৃত্তটির সমীকরণ

(i) $x^2+y^2+4y-4=0$
(ii) $x^2+y^2-2x-4y-1=0$
(iii) $x^2+y^2-2x-2y-1=0$
(iv) $x^2+y^2-4x-2y-4=0$

27.



রেখচিত্রটি যে অধিবৃত্তটির সমীকরণ, তা হল

(i) $y^2 = -12x$

(ii) $x^2 = 12y$

(iii) $x^2 = -12y$

28. $9x^2 + 5y^2 = 45$ উপবৃত্তটির নাভিলম্বের দৈর্ঘ্য

(i) $\frac{6}{7}$

(ii) $\frac{3}{10}$

(iii) $\frac{5}{2}$

(iv) $\frac{10}{3}$

29. $xy + 3x - 4y = 7$ সমীকরণটি একটি

(i) পরাবৃত্তের সমীকরণ

(ii) উপবৃত্তের সমীকরণ

(iii) অধিবৃত্তের সমীকরণ

30. $f(x)=\frac{x^2}{x}$ এবং $f(x)=x$-এর লেখচিত্র দুটি

(i) ভিন্ন

(ii) অভিন্ন

(iii) (0, 0) বিন্দু ব্যতীত অনুরূপ

(iv) এদের কোনোটিই নয়

31. $\lim_{x \to 0} \frac{\tan x}{x}$-এর মান

(i) 1

(ii) 0

(iii) −1

(iv) এদের কোনোটিই নয়

32. প্রথম সূত্র থেকে x^3-এর অবকল সহগ

(i) $\lim_{dx \to 0} \frac{(x+dx)^3 - x^3}{dx}$

(ii) $\lim_{dx \to 0} \frac{(x^3+dx) - x}{dx}$

(iii) $\lim_{dx \to x} \frac{(x+dx)^3 - x^3}{dx}$

(iv) এদের কোনোটিই নয়

33. যদি $x=\sqrt{t^2-1}$ হয়, তাহলে $\frac{dx}{dt}$-এর মান

(i) $x+t$

(ii) $t-x$

(iii) tx

(iv) $\frac{t}{x}$

34. x^m -এর n-তম ক্রমের অবকল সহগ (m>n)

(i) $(m-n)x^{m-n}$

(ii) $m(m-1)(m-2)\cdots\cdots(m-n)x^{m-n}$

(iii) $m(m-1)(m-2)\cdots\cdots(m-n-1)x^{m-n}$

(iv) $m(m-1)(m-2)\cdots\cdots(m-n+1)x^{m-n}$

35. $\int(3x+2)^5\,dx$-এর মান

(i) $\frac{1}{18}(3x+2)^6+c$

(ii) $\frac{1}{6}(3x+2)^6+c$

(iii) $(3x+2)^6+c$

36. x-সাপেক্ষে $\frac{1}{\sqrt{x}}$-এর সমকল

(i) $2\sqrt{x}+c$

(ii) $\frac{2}{\sqrt{x}}+c$

(iii) $-2\sqrt{x}+c$

(iv) $-\frac{2}{\sqrt[3]{x}}+c$

37. $\int\frac{e^x(1+x)dx}{\tan(xe^x)}$ টি সমাকল করার জন্যে যথাযথ পরিবর্তটি হবে

(i) $e^x(1+x)=z$

(ii) $e^x=z$

(iii) $xe^x=z$

38. $\int \sqrt{a^2 - x^2}\, dx$-এর মান

(i) $\frac{x}{2}\sqrt{a^2 - x^2} + \frac{a^2}{2}\ \text{Sin}^{-1}\frac{x}{a} + c$

(ii) $\frac{a}{2}\sqrt{a^2 - x^2 +} \frac{x^2}{2}\ \text{Sin}^{-1}\frac{x}{a} + c$

(iii) $\frac{x}{2}\sqrt{a^2 + x^2} + \frac{x^2}{2}\text{Sin}^{-1}\frac{x}{a} + c$

(iv) $\frac{x}{2}\sqrt{a^2 + x^2} + \frac{a^2}{2}\ \text{Sin}^{-1}\frac{x}{a} + c$

39. $\int_0^{\frac{\pi}{2}} \text{Cos}\ 3x\ dx$-এর মান

(i) 0 (ii) -1 (iii) $-\frac{1}{2}$ (iv) $-\frac{1}{3}$

40. কোনো লম্ব বৃত্তাকার শঙ্কুর তির্যক উচ্চতা 4 সে.মি. এবং অর্ধ শীর্ষকোণ 30° হলে, শঙ্কুটির ভূমির ব্যাসার্ধ হবে

(i) 3 সে.মি. (ii) 4 সে.মি. (iii) 2 সে.মি.

(iv) এদের কোনোটিই নয়

41. কোনো লম্ব বৃত্তাকার চোঙের উচ্চতা 7 সে.মি. এবং ব্যাসার্ধ 5 সে.মি. হলে চোঙটির ঘনফল

(i) 550 ঘন সে.মি. (ii) 660 ঘন সে.মি.

(iii) 440 ঘন সে.মি.

42. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল ঃ

একটি সরল সুসমঞ্জস গতিসম্পন্ন বস্তুকণার গতিবেগ সর্বদা নির্দিষ্ট থাকবে। [H. S. '85]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

[ইঙ্গিত ঃ কণাটির গতি দোলায়মান।]

43. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

একটি চলন্ত রেলগাড়িতে যাত্রীর হাত থেকে একটি বল উল্লম্বভাবে ছেড়ে দেওয়া হলে বলটি গাড়ির মেঝেতে যে জায়গায় পড়বে, গাড়িটি স্থির থাকলেও বলটি ঠিক সেই জায়গাতেই পড়বে। [H. S. '79]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

44. একটি কণায় যদি যুগপৎ দুটি বেগ থাকে এবং ওই বেগ দুটি ABC ত্রিভুজের ক্রমানুসারে গৃহীত দুটি বাহু $\overline{AB}$ ও $\overline{BC}$-এর দ্বারা নির্দেশিত হয়, তবে উহাদের লব্ধি বেগের মান ও দিক যে বাহুর দ্বারা নির্দেশিত হবে, তা হল

(i) AC (ii) CA

45. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :


কোনো লোক 1 মিটার লম্বা একটা লাঠির প্রান্তে বোঝা ঝুলিয়ে সেটি কাঁধের উপরে বহন করছে। হাত দিয়ে লাঠির মধ্যস্থানে ধরে রাখলে লোকটির কাঁধের উপরে চাপ সবচেয়ে কম হবে। [H. S. '83]

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

[**ইঙ্গিত :** কাঁধের ওপর বস্তুটি লাঠির যে প্রান্তে ঝুলছে মধ্যস্থান থেকে হাত যতই লাঠির অপর প্রান্তের দিকে যাবে, ততই কাঁধের উপরে চাপ কম পড়বে। একেবারে অন্য প্রান্তে চাপ সবচেয়ে কম হবে।]

প্রশ্নমালা—12

[সময় : 45 মিনিট। অভিমত : খুব ভাল, মন্দ নয়। সঠিক উত্তরের পাশে '√' চিহ্ন দাও বা প্রশ্ন অনুসারে শুদ্ধ উত্তর লেখ।]



1. ভেন-চিত্রটি থেকে আচ্ছাদিত অংশটি

   (i) $A\cap(B\cap C)$ (ii) $A\cup(B\cap C)$

   (iii) $A\cup(B\cup C)$ (iv) $A\cap(B\cup C)$

2. A এবং B যখন দুটি সেট, তখন কোন্ সম্পর্কটি সত্য ?

   (i) $(A-B)\cap(B-A)=\phi$ (ii) $(A-B)\cap(B-A)=U$

   (iii) $(A-B)\cap(B-A)=A$ (iv) $(A-B)\cap(B-A)=B$

3. $\sqrt[4]{3}$ এবং $\sqrt{3}$-এর গুণফল

   (i) $\sqrt[5]{3}$ (ii) $\sqrt[4]{27}$ (iii) $9\sqrt{3}$

4. নীচে প্রদত্ত দুটি স্তম্ভের দ্বিতীয়টিতে প্রথমটির বিভিন্ন রাশির মান দেওয়া হল। কোন্‌টির কোন্ মান নির্দেশ করার জন্যে বন্ধনীতে যথাযথ অঙ্ক-সংখ্যা বসাও :

(i) $a^m \times a^n$	(A) a^{m-n}
(ii) $a^{\frac{m}{n}}$	(B) $\left(\sqrt[m]{a}\right)^n$
(iii) $a^m \div a^n$	(C) a^{mn}
(iv) $\left(a^m\right)^n$	(D) a^{m+n}
(v) $a^{\frac{n}{m}}$	(E) $\left(\sqrt[n]{a}\right)^m$

5. (i) যদি x, y^2-এর সঙ্গে সরলভেদে থাকে, তাহলে x-এর মান দ্বিগুণ করা হলে, y-এর মান দ্বিগুণ হবে।

(ii) যদি $x \propto yz$ হয় এবং $y \propto zx$ হয়, তাহলে z একটি ধ্রুবক

(a) উপরের বিবৃতিগুলি নির্ভুল

(b) (i) নির্ভুল (ii) ভুল (c) (i) ভুল (ii) নির্ভুল

6. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

কোনো শ্রেণীর n-তম পদ $4n-3$। শ্রেণীটি সমান্তর প্রগতিতে নেই।

((i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

7. যদি $(1+i)x+(1-2i)y+6i=0$ হয় (যখন x ও y বাস্তব সংখ্যা), তাহলে y-এর মান

(i) 2 (ii) -1 (iii) -2 (iv) এদের কোনোটাই নয়

8. যদি $4x^2-x+k=0$ সমীকরণের বীজদ্বয় বাস্তব, মূলদ এবং সমান হয়, তাহলে k-এর মান

(i) $\frac{1}{4}$ (ii) $\frac{1}{16}$ (iii) 1

9. ${}^{n}p_{r}$-এর মান কি সর্বদা পূর্ণসংখ্যা ?

(i) হ্যাঁ (ii) না

10. ${}^5C_1+{}^5C_2+{}^5C_3+{}^5C_4+{}^5C_5$-এর যোগফল

(i) 2^5-1 (ii) 2^5 (iii) 2^5+1

11. $\log_x 243=10$ হলে, x-এর মান

(i) 3 (ii) $\sqrt{3}$ (iii) $\frac{1}{3}$ (iv) $\frac{1}{\sqrt{3}}$

12. $\log N=3+$ একটি দশমিক অংশ হলে N-এর মানের সীমা

(i) $1000<N<10000$ (ii) $100<N<1000$

(iii) $10000<N<100000$

13. বিবৃতিটি শুদ্ধ না ভুল বল :

যে কোনো বৃত্তের ব্যাসার্ধ ও পরিধির অনুপাত একটি ধ্রুবক সংখ্যা।

(i) বিবৃতিটি শুদ্ধ (ii) বিবৃতিটি ভুল

14. যদি কোনো ত্রিভুজের বাহুগুলির অনুপাত 15 : 8 : 17 হয়, তাহলে ক্ষুদ্রতম কোণের কোসাইন

(i) $\frac{8}{15}$ (ii) $\frac{15}{17}$ (iii) $\frac{8}{17}$

(iv) এদের কোনোটিই নয়

15. যদি $\sin\theta = \frac{\sqrt{3}-\sqrt{2}}{4}$ এবং $\cos\theta = \frac{\sqrt{3}+\sqrt{2}}{4}$ হয়, তাহলে θ যে পাদে অবস্থিত, তা হল

(i) প্রথম পাদ (ii) দ্বিতীয় পাদ

(iii) তৃতীয় পাদ (iv) চতুর্থ পাদ

16. যখন $0<\theta<90°$, তখন Sec θ

(i) >1 (ii) <1 (iii) $=1$

(iv) এদের কোনোটিই নয়

17. যদি A, B, C কোনো ত্রিভুজের তিনটি কোণ এবং $\tan A=1$, $\tan B=2$ হয়, তাহলে tanC-এর মান হবে

(i) 3 (ii) 1 (iii) 4

(iv) এদের কোনোটিই নয়

[ইঙ্গিত : $A+B+C=\pi$ । তাহলে

$\tan(A+B) = -\tan C$

বা, $\frac{\tan A+\tan B}{1-\tan A \tan B} = -\tan C$

বা, $\frac{3}{1-2} = -\tan C$ বা, $\tan C=3$]

18. $\cos^2 48° - \sin^2 12°$-এর মান [Jt. Ent. '82]

